

স্মারক নম্বর: ৪১.০১.১০৩৩.০০০.০০০.০২.০০৫০.২৪.৯৫

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩১  
১৪ অক্টোবর ২০২৪

বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ প্রসঙ্গে।  
সূত্র: ৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২.৬৩৫ তারিখ: ০৩ অক্টোবর ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থবছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতা কার্যক্রমের আওতায় বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত ব্যক্তিদের নিকট হতে সমাজসেবা অধিদফতরের Web Based Management Information System (MIS)-এর মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। এমতাবস্থায় আপনার পৌরসভা/ইউনিয়নে মাইকিং-এর মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা করে ভাতা পাওয়ার উপযুক্ত ব্যক্তিদের নিকট থেকে অনলাইনে আবেদন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

#### আবেদনের যোগ্যতা:

- ১। দুপচাঁচিয়া উপজেলার স্থায়ী নাগরিক হতে হবে।
- ২। আবশ্যিকভাবে প্রতিবন্ধী ব্যক্তির পরিচয়পত্র (সূর্যন নাগরিক কার্ড) থাকতে হবে।
- ৩। আবশ্যিকভাবে ডিজিটাল জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।
- ৪। নগদ হিসাব খোলা আছে এমন একটি সচল মোবাইল নম্বর থাকতে হবে (যে নম্বরটি সমাজসেবা অধিদফতর থেকে অন্য কোনো ভাতার জন্য পূর্বে ব্যবহৃত হয় নাই)।

#### বিশেষ দৃষ্টব্য:

- ১। ২০২৩-২৪ অর্থবছরে যারা প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদন করেছিলেন কিন্তু প্রতিবন্ধী ভাতার আওতায় আসেন নাই তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।
- ২। যারা ইতোমধ্যে প্রতিবন্ধী ভাতা ভাতা পাচ্ছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- ৩। অনলাইনে ভাতার আবেদন করলেই ভাতা প্রাপ্তির নিশ্চয়তা দেওয়া হচ্ছে না মুদ্রিত সরকারের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নীতিমালা অনুযায়ী অধিকতর যোগ্য আবেদনকারী ভাতার জন্য নির্বাচিত হবেন।

আবেদনের লিংক: [mis.bhata.gov.bd/onlineApplication](http://mis.bhata.gov.bd/onlineApplication)

আবেদনের সময়সীমা: ১৫ অক্টোবর ২০২৪ খ্রি. হতে ১৪ নভেম্বর ২০২৪ খ্রি. পর্যন্ত

প্রশাসক/চেয়ারম্যান

.....পৌরসভা/ইউনিয়ন

দুপচাঁচিয়া, বগুড়া

  
মোঃ ফিরোজশাহ

উপজেলা সমাজসেবা অফিসার

ফোন: ০২৫৮৯৯১১১২৪

ইমেইল: [usso.dhubchanchia@dss.gov.bd](mailto:usso.dhubchanchia@dss.gov.bd)

স্মারক নম্বর: ৪১.০১.১০৩৩.০০০.০০০.০২.০০৫০.২৪.৯৫

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩১  
১৪ অক্টোবর ২০২৪

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বগুড়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, দুপচাঁচিয়া, বগুড়া।
- ৩। উপজেলা ..... অফিসার, সদস্য, প্রতিবন্ধী ভাতা কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি দুপচাঁচিয়া, বগুড়া।
- ৪। অফিস কপি।

  
(মোঃ ফিরোজশাহ)

উপজেলা সমাজসেবা অফিসার